রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারী ১০, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

উন্নয়ন ও বাস্তবায়ন-২ শাখা

আদেশ

ঢাকা, ২৬শে পৌষ, ১৪০০/৯ই জানুয়ারী, ১৯৯৪

নং এস,আর,ও-১১/আইন/৯৪/সম(উন্নয়ন ও বাস্তবায়ন-২)-৭৩/৯৩ ৩১—Services (Reorganisation and Conditions) Act, 1975 (XXXII of 1975) Section 5(1)-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ প্রদান করিল :—

(ক) বাংলাদেশ সিভিল সার্ভিসভুক্ত সকল ক্যাডার এবং সকল সরকারী, আধা-সরকারী ও বিধিবদ্ধ সংস্থা এবং স্থানীয় কর্তৃপক্ষের প্রথম শ্রেণীর মোট নিম্নতম পদ অর্থাৎ জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর ২৮৫০-৫১৫৫ টাকা স্কেল বিশিষ্ট মোট পদের ৫০% ভাগ পদের বিপরীতে সিলেকশন গ্রেড অর্থাৎ জাতীয় বেতন স্কেল, ১৯৯১ এর ৪১০০-(১৬×১৫০)-৬৫০০ টাকার স্কেল প্রদান করা হইবে; এবং

(খ) দফা (ক) তে উল্লিখিত সিলেকশন গ্রেড প্রদানের কারণে সংশ্লিষ্ট ক্যাডার/সংস্থা/কর্তৃপক্ষের জন্য অনুমোদিত বিদ্যমান কাঠামোর মোট পদ সংখ্যা পরিবর্তন করা যাইবে না;

(গ) ইতিপূর্বে কোন ক্যাডার/সংস্থা/কর্তৃপক্ষের প্রথম শ্রেণীর মোট নিম্নতম পদের ৫০% ভাগ বা ততোধিক পদের বিপরীতে সিলেকশন গ্রেড প্রদান করা হইয়া থাকিলে নূতনভাবে সিলেকশন গ্রেড প্রদান করার ক্ষেত্রে উক্ত ৫০% ভাগ অতিক্রম করা যাইবে না;



মূল্যঃ টাকা ১.০০

(ঘ) এই আদেশ অনুযায়ী কোন্ ক্যাডার/সংস্থা/কর্তৃপক্ষের কতটি পদের বিপরীতে সিলেকশন গ্রেড প্রদেয় হইবে তাহা উক্ত ক্যাডার/সংস্থা/কর্তৃপক্ষের বাস্তব অবস্থার ভিত্তিতে অর্থাৎ অনুমোদিত প্রথম শ্রেণীর মোট নিম্নতম পদ সংখ্যা এবং সিলেকশন গ্রেড প্রদানযোগ্য পদ সংখ্যার ভিত্তিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের উদ্যোগে সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতিক্রমে প্রয়োজনীয় সরকারী আদেশ/মঞ্জুরী আদেশ জারীর মাধ্যমে নির্ধারণ করা হইবে।

২। **সরকারী গেজেটে জারীর তারিখে এই আদেশ কার্যকর হইবে।**

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাবিবুর রহমান**
সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।